গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নথি নং-২১.০০.০০০০.০৫৮.১৬.২৪৪.২২-৯২৪

তারিখ : ৪ বৈশাখ ১৪৩০ / ১৭ এপ্রিল ২০২৩

**বিষয়: 'আইএমইডি প্রিজম/ IMED-PRISM'** ব্যবহার সংক্রান্ত।

**সূত্র:** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১.১;

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর নির্দেশনা [কার্যক্রম ১.১: সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন] অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী ধারণা হিসেবে সরকারের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে 'আইএমইডি প্রিজম/ IMED PRISM (Project Inspection System for Monitoring)' অ্যাপসটি প্রস্তুত করা হয়েছে। আইএমইডি'র কর্মকতাগণ এবং প্রকল্প পরিচালকগণের ব্যবহারের উদ্দেশ্যে 'আইএমইডি প্রিজম/IMED PRISM' অ্যাপসটি Google Play Store-এ উন্মুক্ত করা আছে। উল্লিখিত অ্যাপসের মাধ্যমে প্রকল্প পরিদর্শন ও পিসিআর ব্যবস্থাপনা, ধীরগতির প্রকল্পের রিপোর্ট, Geotagging সহ স্থিরচিত্র/ ভিডিও ধারণ করা যাবে। শুধুমাত্র অনুমোদিত ব্যবহারকারীগণ তাঁদের User Credential এর মাধ্যমে লগইন করে এই অ্যাপসটি ব্যবহার করতে পারবেন। বর্ণিত 'আইএমইডি প্রিজম/IMED PRISM' অ্যাপসটির ব্যবহার নির্দেশিকা সংযুক্ত করা হলো। উল্লিখিত অ্যাপসে আইএমইডি'র কর্মকর্তাগণের User Credential প্রস্তুত করার লক্ষ্যে সংযুক্ত User Credential ফর্মটি পূরণপূর্বক নিম্নস্বাক্ষরকারীর কাছে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, বর্ণিত 'আইএমইডি প্রিজম/IMED PRISM' অ্যাপসটি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) 'আইএমইডি প্রিজম/IMED PRISM' অ্যাপসটির ব্যবহার নির্দেশিকা।
(২) User Credential ফর্ম।

R. Shahriar
০৭.০৪.২০২৩

(মোহাম্মদ রাফিদ শাহরিয়ার)
সহকারী প্রোগ্রামার ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ০২-৯১৮০৬৫৮
E-mail: rafid.shahriar@imed.gov.bd

**অবগতি ও কার্যার্থে:**

১. আইএমই বিভাগে কর্মরত সকল কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অফিস কপি।